# বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

বত্রিশতম বর্ষ (প্রথম সংখ্যা)
ফেব্রুয়ারি ২০২১



*Three things are necessary to make every man great, every nation great : 1. Conviction of the powers of goodness 2. Absence of jealousy and suspicion 3. Helping all who are trying to be and do good. The faculty of organization is entirely absent in our nature, but this has to be infused. The great secret is—absence of jealousy. Be always ready to concede to the opinions of your brethren and try always to conciliate. That is the whole secret.*

**—Swami Vivekananda**

## সম্পাদকীয়

আজ থেকে প্রায় একশ বছর আগে ১৯২০ সালের ২১ জুলাই শ্রীশ্রীমা সারদাদেবী তাঁর পরম শিব শ্রীরামকৃষ্ণে চিরসমাহিতা হয়েছিলেন। শ্রীশ্রীমায়ের তিরোভাবের বছরখানেক পর ১৯২১ সালের ২১ ডিসেম্বর তাঁর পবিত্র চিতাস্থানের উপর গঙ্গামুখী মাতৃমন্দির প্রতিষ্ঠিত হয়েছিল। তখন থেকেই ঐ সমাধিমন্দির দেশ-বিদেশের অগণিত নর-নারীর কাছে ভক্তিশ্রদ্ধা নিবেদনের তীর্থভূমিতে পরিণত হয়েছিল। প্রকৃতপক্ষে রামকৃষ্ণ মিশন প্রতিষ্ঠার নেপথ্য কান্ডারী হলেন শ্রীমা। "মহা উপচারে ত্যাগ ও সেবার কর কর তার আরাধনা"—এই ত্যাগ ও সেবাকে মূলধন করে পথ চলা শুরু করেছে রামকৃষ্ণ মিশনের বিভিন্ন শাখাকেন্দ্র, শিক্ষা প্রতিষ্ঠান ও তাদের আদর্শে অনুপ্রাণিত ভক্ত ও প্রাক্তনীদের নিয়ে গঠিত সংগঠন। বিদ্যামন্দির প্রাক্তনী সংসদও তার ব্যতিক্রম নয়। নানা উন্নয়নমূলক প্রকল্প ছাড়াও মাতৃসম বিদ্যামন্দিরের দরিদ্র-মেধাবী ছাত্রদের লেখাপড়া অর্থের অভাবে যাতে বিঘ্নিত না হয়, তার জন্য সংসদ সদা সচেষ্ট। শুধু তাই নয়, আজ বিদ্যামন্দিরের বাইরেও প্রয়োজনে সংসদ সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে। এ আমাদের নিছক আত্মশ্লাঘার অভিব্যক্তি নয়; বরং স্বপ্নদ্রষ্টার স্বপ্নকে বাস্তবায়িত করার লক্ষ্যে এক ক্ষুদ্র প্রচেষ্টা মাত্র। আসুন আজ সকলে মিলে এই প্রচেষ্টায় সামিল হই।

বিদ্যামন্দির আজ **NIRF (National Institutional Ranking Framework)**-এ কলেজ ক্যাটাগরিতে সপ্তম স্থান অধিকার করেছে। এজন্য বিদ্যামন্দির কর্তৃপক্ষের সঙ্গে প্রাক্তনীরাও গর্বিত। সাফল্যের তরী আরও এগিয়ে চলুক। ছাত্ররা প্রচলিত শিক্ষায় উৎকর্ষতা বৃদ্ধির সাথে সাথে তাদের জীবনবোধকে উন্নততর করার সংকল্প গ্রহণ করুক—এই আমাদের প্রার্থনা।

—সুশান্ত দে, প্রধান সম্পাদক

## আনন্দ সংবাদ

- বিদ্যামন্দিরের প্রাক্তনী (১৯৫৯-৬৪) ডঃ জগদীশ চন্দ্র মিশ্র সম্প্রতি Stanford University কর্তৃক নির্বাচিত বিজ্ঞানীদের তালিকায় বিশ্বের প্রথম ২% বিজ্ঞানীদের মধ্যে স্থান পেয়েছেন। তিনি ১৯৬১ সালে ইন্টারমিডিয়েট এবং ১৯৬৪ সালে গণিতে স্নাতক হন। ১৯৭১-এ পি.এইচ.ডি এবং ১৯৮৪ সালে ডি.এস.সি ডিগ্রী লাভ করেন। বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের তিনি ছিলেন একজন আমন্ত্রিত বিজ্ঞানী। তাঁর গবেষণার ক্ষেত্র বায়ো-মেডিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেডিসিন এবং ফিজিওলজি। তাঁর লেখা ২১৭ টি গবেষণামূলক প্রবন্ধ জাতীয় / আন্তর্জাতিক পত্রিকায় প্রকাশিত হয়েছে। ডঃ মিশ্র School of Medical Sc. & Technology, I.I.T., Kharagpur-এর গণিতের প্রাক্তন অধ্যাপক ও বিভাগীয় প্রধান।
- সম্প্রতি বিদ্যামন্দিরের প্রাক্তনী (২০০০-০৫) ডঃ অনুপ বিশ্বাসকে 'স্বর্ণজয়ন্তী' পুরস্কারে ভূষিত করেছে ভারত সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রক। স্নাতক স্তরে তিনি কলকাতা বিশ্ববিদ্যালয়ে প্রথম স্থান অধিকার করে স্বর্ণপদক লাভ করেন। গণিতশাস্ত্রে তাঁর গবেষণার স্বীকৃতি স্বরূপ ২০১৭ সালে তিনি INSA Young Scientist পুরস্কার পান এবং ২০১৮-তে IISER, Pune তাঁকে Fast-track Promotion প্রদান করে। এছাড়া 'Probability Theory'-র একটি বিশিষ্ট আন্তর্জাতিক পত্রিকা 'Annals of Applied Probability' তাঁকে 'Editorial Board'-এ নির্বাচিত করেছে। প্রসঙ্গত উল্লেখ্য, উনি দ্বিতীয় ভারতীয় বিজ্ঞানী যিনি এই পত্রিকার 'Editorial Board'-এ নির্বাচিত হয়েছেন।
- বিদ্যামন্দিরের প্রাক্তনী (২০০১-০৬) ডঃ উত্তম কুমার ঘোড়াই National Academy of Science, India কর্তৃক National Young Scientist Platinum Jubilee Award 2020-এর জন্য নির্বাচিত হয়েছেন। রসায়ন শাস্ত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য তিনি এই পুরস্কার লাভ করেন। এ ছাড়াও তিনি ভারতের বিভিন্ন গবেষণামূলক সংস্থা কর্তৃক ২০১৭, ২০১৮ ও ২০২০ সালে Young Scientist Award এবং ২০১৯-এ Young Engineer Award পুরস্কারে ভূষিত হন। ভারত সরকার তাঁকে Tare Fellowship (2018-21)-এর জন্য নির্বাচিত করে। বর্তমানে ডঃ ঘোড়াই বিদ্যামন্দিরের Industrial Chemistry & Applied Chemistry বিভাগের বিভাগীয় প্রধান।
- আর এক প্রাক্তনী ডঃ বিপ্লব মাজি (২০০৪-০৭) National Academy of Science, India কর্তৃক National Young Scientist Platinum Jubilee Award 2020-এর জন্য নির্বাচিত হয়েছেন। তিনি I.I.T., Kanpur থেকে স্নাতকোত্তর এবং Germany থেকে Ph.D. ডিগ্রী লাভ করেন। বর্তমানে ডঃ মাজি IISER, Kolkata-তে অধ্যাপনা করছেন।
- বিদ্যামন্দিরের প্রাক্তনী শ্রী দিব্যেন্দু ঘোষ (২০১৪-১৭, মাইক্রো-বায়োলজি) ২০২০ সালের "Prime Minister's Research Fellowship" পেয়েছেন। ২০১৯ সালে JNU থেকে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করে CSIR-NET উত্তীর্ণ (All India Rank 95) হন এবং উক্ত বিশ্ববিদ্যালয়ে JRF হিসেবে যোগদান করেন।

**প্রাক্তনী সংসদের পক্ষ থেকে এঁদের সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।**

## প্রয়াণ বার্তা

- স্বনামধন্য আবৃত্তিকার শ্রী প্রদীপ ঘোষ (প্রাক্তনী : ১৯৫৮-৬০) উপসর্গহীন করোনায় আক্রান্ত হয়ে ঘুমের মধ্যে চিরনিদ্রায় চলে গেলেন ১৬ অক্টোবর, ২০২০ তারিখে। ষাটের দশকের শেষ দিক থেকে সাম্প্রতিক কাল পর্যন্ত শ্রী ঘোষ বহু মঞ্চউপস্থাপনা, ক্যাসেট ও সিডির মাধ্যমে বাচিক শিল্পে তাঁর নিজস্ব শৈলীর পরিচয় দিয়েছেন; বিশেষ করে রবীন্দ্রনাথ ও কাজী নজরুলের কবিতা তাঁর কণ্ঠে অন্য মাত্রা যোগ করত। অগণিত শ্রোতা ও আবৃত্তি শিক্ষার্থীর কাছে শ্রী ঘোষ ছিলেন এক জীবন্ত কিংবদন্তী। ২০১৭ সালে রাজ্য সরকার তাঁকে 'কাজী সব্যসাচী' পুরস্কারে ভূষিত করে। শারীরিক অসুস্থতা সত্ত্বেও তিনি ২০১৯-এর পুনর্মিলন উৎসবে যোগদান করেছিলেন। কর্মজীবনে তিনি ছিলেন পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তরের একজন আধিকারিক।
- বিদ্যামন্দিরের রসায়ন বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ডঃ মৃণালকান্তি চক্রবর্তী ৪ অক্টোবর, ২০২০ তারিখে স্বল্প রোগভোগের পর শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। ১৯৬৭ সালের মে মাসে তিনি অধ্যাপক হিসাবে বিদ্যামন্দিরে যোগ দেন এবং ২০০১ সালের নভেম্বরে অবসর গ্রহণ করেন। অজৈব রসায়নের অধ্যাপক মৃণালবাবুর শিক্ষাদানের পদ্ধতি ও ছাত্রদের প্রতি তাঁর বন্ধুত্বপূর্ণ ব্যবহার ছিল অনুকরণযোগ্য। সহকর্মীদের সঙ্গেও তাঁর সম্পর্ক ছিল আন্তরিক।
- ডাঃ সত্যব্রত পাল (প্রাক্তনী : ১৯৪৭-৪৯) গত ৭ সেপ্টেম্বর, ২০২০ কোভিডে আক্রান্ত হয়ে ৯০ বছর বয়সে বাঙ্গুর হাসপাতালে প্রয়াত হয়েছেন। ডাঃ পাল ছিলেন সুলেখক, স্থানীয় 'গোধূলি মন' পত্রিকাতে নিয়মিত লিখতেন। তাঁর বেশ কয়েকটি গ্রন্থও প্রকাশিত হয়েছে। ২০১৬ সালে প্রকাশিত 'রেল ডাক্তারের ডায়েরি' বইটি তাঁর ডাক্তারি জীবনের অভিজ্ঞতার প্রতিফলন। স্থানীয় রামকৃষ্ণ সেবা সঙ্ঘ, অনন্ত ভান্ডার ও Charitable Blood Bank-এর সঙ্গে যুক্ত ছিলেন। প্রাক্তনী সংসদের সঙ্গে তাঁর ঘনিষ্ঠ সম্পর্ক ছিল এবং সংসদের স্বাস্থ্য প্রকল্পে নিয়মিত আর্থিক অনুদান দিতেন।
- শ্রী নীপক চাকলানবিশ (প্রাক্তনী : ১৯৫৯-৬১) গত ৮ ডিসেম্বর, ২০২০ তারিখে পরলোকগমন করেছেন। WBCS অফিসার শ্রী চাকলানবিশ পশ্চিমবঙ্গ সরকারের বহু দায়িত্বপূর্ণ পদে কর্মরত ছিলেন।
- শ্রী শিবপ্রসাদ ভট্টাচার্য (প্রাক্তনী : ১৯৬৮-৭১) গত ১৫ জানুয়ারী, ২০২১ তারিখে হৃদরোগে আক্রান্ত হয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। শ্রী ভট্টাচার্য বিদ্যামন্দির থেকে ১৯৭১ সালে রসায়নে স্নাতক হন এবং পরে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে যথাক্রমে B. Tech ও M. Tech ডিগ্রী লাভ করেন। ২০১২ সালে Petroleum & Explosive Safety Organisation (PESO) থেকে পূর্ব ভারতের আঞ্চলিক প্রধান হিসেবে অবসর গ্রহণ করেন। উনি Graduates of 71 Scholarship Fund-এ নিয়মিত আর্থিক অনুদান দিতেন এবং প্রাক্তনী সংসদের সঙ্গে তাঁর নিবিড় সম্পর্ক ছিল।

**আমরা এঁদের আত্মার শান্তি কামনা করি এবং শোকসন্তপ্ত পরিবার পরিজনদের জানাই আন্তরিক সমবেদনা।**

# NEWS FROM THE VIDYAMANDIRA

## (July 2020 to December 2020)

**1) Seminars & Lectures:**

**a) Memorial Lecture:** The following Memorial/Endowment lecture was held during this period:

| Date | Memorial/Endowment Lecture | Topic | Speakers |
|---|---|---|---|
| 04-07-2020 | Swami Vimuktananda Memorial Lecture | Foundation Day Oration | Swami Balabhadrananda<br>Asstt. General Secretary<br>Ramakrishna Math & Ramakrishna Mission |
| 15-10-2020 | Ambika Sarkar & Jadunath Majumder Memorial Lecture | Goudiya Nrityer Ruprekha (The Outline of the Goudiya Dance) | Dr. Mahua Mukhopadhyay,<br>Rabindra Bharati University, Kolkata |

**b) Special Lecture and Weekly Seminar:** Weekly & Departmental seminars, Extension & Special lectures organized during the period are enlisted below:

| Date | Topic | Speaker (S) |
|---|---|---|
| 07-07-2020 | Quantum Chromodynamics:<br>The Theory of Strong Forces | Mr. Sabarnya Mitra |
| 20,21,22 July 2020 | Sankat O Uttaran- Bangla Sahittye | Dr. Sekhar Samaddar, Dr. Sahid Iqbal,<br>Dr. Suman Gun, Sri Sadhan Chattopadhyay,<br>Dr. Sonali Mukherjee,<br>Sri Amar Mitra, Dr. Rubel Ansar,<br>Dr. Sreela Basu, Swami Shastrajnananda |
| 23-07-2020 | Our geometrical Universe and its dynamics | Dr. Supriya Pan |
| 24-07-2020 | Metaphysics of Mind | Dr. Mausumi Guha |
| 29-07-2020 | स्मृतिशास्त्रे सामाजिको मूल्यबोधः | Dr. Brajakishore Swain,<br>Dr. Harekrushna Pattajoshi,<br>Dr. Sk. Sabir Ali |
| 29-07-2020 | Extortion, Competition among states and Private Investment in a Federation. | Mr. Vivekananda Mukherjee |
| 29-07-2020 | Industrial Importance of Carbon Black | Mr. Saptarshi Kar |
| 29,30 July 2020 | History & Heritage of India | Prof. Suchandra Ghosh,<br>Prof. Bishnupriya Basak |
| 31-07-2020 | An Introduction to Calderon's Inverse problem | Dr. Anupam Pal Choudhury |
| 01-08-2020 | SAP Overview & Application | Mr. Arindam Roy |
| 02-08-2020 | Covid-19 : An atypical infectious disease in terms of host-pathogen interactions | Dr. Dipayaman Ganguly |
| 04-08-2020 | 'Tempest in Tea Cup' : The Assam Garden & The 19th Century Colonial Narratives of Tea | Dipanjan Muhuri, SACT, RKMV |
| 05-08-2020 | Protonation - deprotonation reaction of aspartic acid induced by protein conformations: Elucidation using quantum chemistry and constant pH simulations | Debashree Bandyopadhyay,<br>Faculty of Biological Sciences,<br>BITS-PILANI, Hyderabad |
| 26, 27, 28, 29, 30, 31 Aug. & 02 Sept. 2020 | Stress Management | Swami Vedatitananda,<br>Swami Mahamedhananda,<br>Swami Sarvapriyananda,<br>Swami Atmashraddhananda |
| 24-12-2020 | How to lead a healthy & peaceful household life | Srimat Swami Divyanandaji Maharaj,<br>Secretary, Saradapitha |

*** All the above mentioned Seminars or Lectures were held online due to Covid-19.**

## 2) Teachers' Achievements:

a) **Dr. Uttam Kumar Ghorai**, Head, Dept. of Industrial Chemistry & Applied Chemistry has been awarded 'Dr. R. L. Thakur Memorial Award 2020' by Indian Ceramic Society for his remarkable contributions to Materials Science and Engineering.

b) **Prof. Ghorai** has also received 'The National Young Scientist Platinum Jubilee Award 2020' by The National Academy of Science, India (NASI) for his significant contributions to the field of Chemical Science.

## 3) Outreach Activities:

a) Extensive Relief activities were carried out during Covid-19 pandemic from 26-03-2020 to 07-05-2020, in which dry food, cooked food & masks were distributed to a number of families in Ichapur, Nandigram, Jungleganj, Ashariya, Malipanchghara, Salkia, Bally, Barrackpore, Lakhanpur and Chakdaha.

b) Relief services were conducted post 'Amphan' where numerous families of Nandigram, Jungleganj & Ashariya were served with saris and cooked foods.

c) 'Tree Plantation Drive' programme was undertaken on 12th July 2020 in collaboration with the "Sashastra Seema Bal" in which a total of 145 trees were planted.

## 4) Some other Informations:

a) Ramakrishna Mission Vidyamandira was announced to have ranked 7th (Jt.) in the College category for the Academic Session 2019-20 by the National Institutional Ranking Framework (NIRF). This ranking was declared by Shri Ramesh Pokhriyal Nishank, Hon'ble Minister-in-Charge, MHRD, Govt. of India.

b) The Eighth Convocation Ceremony was held in Vidyamandira Campus on 12th December 2020, maintaining all the safety measures of Covid-19.



তেজসানন্দ ক্যুইজের পুরস্কার প্রদান



আমফান রিলিফে সংসদের প্রতিনিধিবৃন্দ



করোনা রিলিফে ছাত্ররা




আমফান পরবর্তী বৃক্ষরোপণ

## প্রকাশনা সংবাদ

- বিদ্যামন্দিরের প্লাটিনাম জুবিলি উপলক্ষে ৪ঠা জুলাই ২০১৭ তে প্রকাশিত হয়েছিল একটি মূল্যবান স্মৃতি সঞ্চয়ন—'স্মৃতিদীপে আলোকিত মন্দির' শিরোনামে। এই গ্রন্থটির দ্বিতীয় পর্ব প্রকাশিত হল এবার দুর্গাপূজার মহাষ্টমীর দিন। স্মৃতিচারণা ছাড়াও এটিতে পুনর্মুদ্রিত হয়েছে চোদ্দটি মূল্যবান সাক্ষাৎকার।


- সেপ্টেম্বর ২০২০ তে অদ্বৈত আশ্রম, কলকাতা থেকে প্রকাশিত হয়েছে বিদ্যামন্দিরের ভূতপূর্ব অধ্যক্ষ স্বামী মেধসানন্দের মূল্যবান গবেষণা মূলক গ্রন্থ—'The Story of India-Japan Relationship : Swami Vivekananda and Okakura Tenshin, the Modern Era Pioneers'। ভারত-জাপান পারস্পরিক সম্পর্কের বিবর্তনে স্বামী বিবেকানন্দ ও ওকাকুরা তেনশিন্-র ভূমিকা এই গ্রন্থে সবিস্তারে তথ্যনিষ্ঠভাবে আলোচিত হয়েছে। কয়েকটি দুষ্প্রাপ্য ও মূল্যবান আলোকচিত্র এবং একটি সবিস্তার নির্দেশিকা গ্রন্থটিকে আকর্ষণীয় করেছে। গ্রন্থমূল্য : ৪০০ (চারশো) টাকা।

- লকডাউনের আগে আগেই প্রকাশিত হয়েছে বিদ্যামন্দিরের অর্থনীতি বিভাগের প্রাক্তন বিভাগীয় প্রধান তথা এ দেশে অধ্যাপক আন্দোলনের অন্যতম প্রধান সংগঠক ও নেতা মৃন্ময় ভট্টাচার্যের আত্মজীবনী—'Never Give up'—দিল্লীর Blue Rose Publishers থেকে। অধ্যাপক ভট্টাচার্যের সংগ্রামী ও কর্মময় জীবনের নানা উত্থান-পতনের কাহিনী এই গ্রন্থে সবিস্তারে বর্ণিত হয়েছে। গ্রন্থমূল্য : ৩৪৫ টাকা।

- এ বছর পুজোর আগে, অক্টোবর মাসে প্রকাশিত হয়েছে বিদ্যামন্দিরের বাংলা ভাষা ও সাহিত্য বিভাগের পূর্বতন বিভাগীয় প্রধান বিশিষ্ট কথাসাহিত্যিক অধ্যাপক মহীতোষ বিশ্বাসের আত্মজীবনীমূলক উপন্যাস—'দিন এল দিন গেল'। বিপন্ন বর্তমানের সমস্ত বিষণ্ণতার মধ্যে স্মৃতির অতলে ডুব দিয়ে তিনি তুলে এনেছেন অনেক মণিমানিক্য। প্রসঙ্গত, ২০১৯ এর আগস্টেই প্রকাশিত হয়েছিল 'মহীতোষ বিশ্বাস : জীবন ও সাহিত্য'-শীর্ষক গ্রন্থটির দ্বিতীয় সংস্করণ।

- সম্প্রতি (২৫ ডিসেম্বর ২০২০) প্রকাশিত হল প্রাক্তনী সংসদের সভাপতি অধ্যাপক বিশ্বনাথ দাসের আত্মজীবনী 'পায়ে পায়ে আটাত্তর' (নবপত্র প্রকাশন, কলকাতা)। সংগঠন কুশলী একটি সংগ্রামী জীবনের বর্ণময় নানা ঘটনার সমাবেশ ঘটেছে এই গ্রন্থে, যা অনুপ্রাণিত করবে বর্তমান প্রজন্মকে। বিদ্যামন্দির প্রাক্তনীদের বাড়তি পাওনা, এতে স্থান পেয়েছে বিদ্যামন্দির এবং এর প্রাক্তনী সংসদ সংক্রান্ত নানা তথ্য ও ঘটনা। বইটির সংগ্রহ মূল্য ৩০০ টাকা।

**সংকলক : অধ্যাপক তপন কুমার ঘোষ**



বিদ্যামন্দিরে সমাবর্তন অনুষ্ঠান

## SCHOLARSHIP TO THE PRESENT STUDENTS OF VIDYAMANDIRA DURING 2019-2020

| SL | NAME | SUBJECT & YEAR | AMOUNT | NAME OF FUNDS | |
|---|---|---|---|---|---|
| 1 | Suman Sarkar | Bengali UG-III | 10,500 | 1971-74 Graduates Scholarship Fund | 40,900 |
| 2 | Sourav Singh | Political Science UG-III | 4,800 | | |
| 3 | Sukdev Mandi | Philosophy UG-III | 4,800 | | |
| 4 | Sudipta Dey | Bengali PG-II | 8,400 | | |
| 5 | Supratik Mondal | Sanskrit PG-II | 8,400 | | |
| 6 | Jayanta Adak | Sanskrit PG-II | 4,000 | | |
| 7 | Ramesh Bagdi | Physics UG-III | 12,750 | 1976-79 Graduates Scholarship | 59,550 |
| 8 | Subhankar Bhattacharya | Bengali UG-III | 4,800 | | |
| 9 | Bikram Halder | Sanskrit UG-III | 4,800 | | |
| 10 | Pradip Kr. Sutar | Bengali UG-III | 4,800 | | |
| 11 | Subhankar Mandal | Sanskrit UG-III | 4,800 | | |
| 12 | Argha Ghosh | Chemistry UG-III | 10,000 | | |
| 13 | Arjun Batabyal | Sanskrit UG-III | 4,400 | | |
| 14 | Animesh Mallick | Sanskrit UG-III | 4,800 | | |
| 15 | Surojit Pal | Sanskrit PG-II | 8,400 | | |
| 16 | Pallab Chakraborty | Zoology UG-III | 2,000 | 1981-84 Batch Scholarship Fund | 9,500 |
| 17 | Raju Murmu | Physics UG-III | 4,000 | | |
| 18 | Biswadeb Bose | Economics UG-III | 3,500 | | |
| 19 | Abhijit Das | History UG-III | 4,800 | 1989-91 HS Batch Scholarship | 11,090 |
| 20 | Sourjyadeep Kundu | Industrial Chemistry UG-III | 1,490 | | |
| 21 | Sadhan Pahari | History UG-III | 4,800 | | |
| 22 | Raghunath Singh | Zoology UG-III | 5,000 | 2006-2009 Batch Scholarship Fund | 5,000 |
| 23 | Dasmat Hemram | History UG-III | 4,000 | 2008 Graduates Scholarship | 29,600 |
| 24 | Tarak Manna | History UG-III | 4,800 | | |
| 25 | Amit Murmu | Bengali PG-II | 8,400 | | |
| 26 | Sayan Mukherjee | Mathematics PG-II | 4,000 | | |
| 27 | Subhasis Kisku | Philosophy PG-II | 8,400 | | |
| 28 | Dipan Pramanik | Sanskrit UG-III | 1,500 | Anil Kumar Sinha Roy and Namita Sinha Roy Memorial Scholarship | 1,500 |
| 29 | Raghunath Singh | Zoology UG-III | 14,400 | 1971-74 Graduates Scholarship Fund<br>Shibani Ghosh - Aparna Ghosh Memorial Scholarship<br>2008 Graduates Scholarship Fund<br>Giridhari Ghosh Usharani Ghosh Memorial Scholarship<br>Souvik Pal Memorial Scholarship | 100<br>900<br>400<br>6,500<br>6,500 |
| 30 | Sumit Biswas | Bengali UG-III | 2,200 | Asha-Jyoti Memorial Scholarship | 2,200 |
| 31 | Gobinda Das | Mathematics PG-II | 4,800 | Belur RKMV 1984-86 Batch Scholarship Fund<br>Asha-Jyoti Memorial Scholarship | 500<br>4,300 |
| 32 | Rajesh Mal | Mathematics PG-II | 11,000 | Pradip Kumar Mitra Memorial Scholarship<br>1976-79 Graduates Scholarship<br>1989-91 HS Batch Scholarship<br>Tarapada & Nirmala Basu Memorial Scholarship<br>Paresh Nath Dutta Bandana Dutta Scholarship | 140<br>950<br>1,910<br>1,500<br>6,500 |
| 33 | Majebar Saren | Political Science UG-III | 12,000 | Belur RKMV 1984-86 Batch Scholarship Fund | 12,000 |
| 34 | Suklav Ghosh | Comp Science UG-II | 29,495 | Graduates of 1971 Scholarship | 2,01,856 |
| 35 | Sumit Roy | Bengali UG-II | 17,975 | | |
| 36 | Rijush Maity | Sanskrit UG-II | 22,375 | | |
| 37 | Nabarun Bera | Comp Science UG-II | 28,818 | | |
| 38 | Ajit Singh | Microbiology UG-III | 23,800 | | |
| 39 | Pankaj Das | Sanskrit UG-III | 27,288 | | |
| 40 | Sayan Pal | Microbiology UG-III | 10,000 | | |
| 41 | Sayan Mukherjee | Mathematics PG-II | 25,105 | | |
| 42 | Sk Rafijul | Bengali PG-II | 17,000 | | |
| 43 | Sanjay Giri Das | Sanskrit PG-II | 5,600 | Shibani Ghosh - Aparna Ghosh Memorial Scholarship | 5,600 |
| 44 | Sovan Mandal | Zoology UG-III | 9,600 | Pradip Kumar Mitra Memorial Scholarship | 9,600 |
| 45 | Sayan Pal | Microbiology UG-III | 25,000 | Swami Vimuktananda - Dhyanatmananda Memorial Scholarship | 1,00,000 |
| 46 | Biswajit Das | Political Science UG-III | 4,800 | | |
| 47 | Sunil Kisku | Bengali UG-III | 4,800 | | |
| 48 | Nayan Tudu | Political Science UG-III | 12,000 | | |
| 49 | Badal Tudu | Bengali UG-III | 14,400 | | |
| 50 | Riyajul Tudu | Zoology UG-III | 3,200 | | |
| 51 | Sujit Nandi | Sanskrit UG-III | 3,600 | | |
| 52 | Shiladitya Neogi | Political Science UG-III | 3,000 | | |
| 53 | Sumanta Manna | Applied Chemistry PG-II | 19,200 | | |
| 54 | Buddhadeb Mandal | Applied Chemistry PG-II | 10,000 | | |
| 55 | Goutam Patra | Chemistry UG-III | 9,100 | Tarapada & Nirmala Basu Memorial Scholarship | 18,000 |
| 56 | Sourav Molla | Chemistry UG-III | 8,900 | | |

**TOTAL SCHOLARSHIP TO STUDENTS OF VIDYAMANDIRA Rs. 5,36,596**

**সদস্যদের তথ্যসম্বলিত 'Members' Directory'-র তৃতীয় সংস্করণ প্রকাশিত হয়েছে গত ফেব্রুয়ারি মাসে। সরাসরি সংসদের অফিস থেকে সংগ্রহ করতে পারেন। মূল্য ২৫০ টাকা। ডাকযোগে অতিরিক্ত ১৫০ টাকা দেয়। যোগাযোগ ঃ শ্রী মনোজ কুমার ভট্টাচার্য্য (৯৮৩১৪৬৪৬৬০)/ শ্রী সুশান্ত দে (৯৪৩৩৩৪৬৩৫৩)**

# বার্ষিক সাধারণ সভার একটি সংক্ষিপ্ত প্রতিবেদন

প্রথামাফিক প্রতি বৎসরের ন্যায়, এবারও প্রাক্তনী সংসদের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয় বিগত ২ অক্টোবর ২০২০ তবে অভিনবভাবে আন্তর্জালিক মাধ্যমে। এই বৎসর সমগ্র বিশ্বে করোনা অতিমারীর কারণে সকলেই গৃহবন্দী। তারই মাঝে বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ নিয়ম মেনে কর্তব্য পালন করে চলেছেন। প্রথমেই বিদ্যামন্দির উপাধ্যক্ষ স্বামী মহাপ্রজ্ঞানন্দজীর বৈদিক মন্ত্রোচ্চারণের মধ্য দিয়ে সভার কাজ শুরু হয়। এরপর বিদ্যামন্দির পরিবারের পরলোকগত সদস্যদের উদ্দেশ্যে নীরবতা পালনের পর স্বাগত ভাষণ প্রদান করেন অধ্যক্ষ স্বামী একচিত্তানন্দজী মহারাজ। তিনি বিশেষভাবে উল্লেখ করেন এই অতিমারীর ভয়াবহতার কারণে 'রানী রাসমনি স্মারক বক্তৃতা' YouTube-এর মাধ্যমে প্রদান করেন স্বামী সত্যেশানন্দজী মহারাজ, সহ-সাধারণ সম্পাদক, রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশন। তিনি আরো বলেন বিদ্যামন্দিরের ছাত্রদের কৃতিত্বের কথা, যেমন বহু ছাত্র IISC, IIT, NET, JRF ইত্যাদি সুযোগ পেয়েছে বা উচ্চশিক্ষায় গবেষণার যোগ্যতা অর্জন করেছে। তিনি স্বীকার করেন ২০০২-০৫ শিক্ষাবর্ষের ছাত্রদের সাহায্যের জন্য অনেক মেধাবী অথচ দরিদ্র ছাত্র পড়াশুনায় এগিয়ে চলেছে। বিদ্যামন্দিরের ভবিষ্যৎ কর্মপ্রণালীর উল্লেখপর্বে শান্তি ভবনের পুনর্নির্মাণের কথা বলেন। তৎসহ বিনয় ও বিবেক ভবনের চারতলা করার পরিকল্পনার কথা জানান। এই কর্মযজ্ঞে প্রাক্তনীদের আর্থিক সহায়তার আবেদন করেন।

এরপর পর্যায়ক্রমে ২০১৮-১৯ অর্থবর্ষের বিগত সাধারণ সভার প্রতিবেদন সভায় পঠিত হয় এবং পরে ২০১৯-২০ অর্থবর্ষের সম্পাদকীয় প্রতিবেদন, হিসাব পরীক্ষকের আয়-ব্যয়ের হিসাব সভায় পেশ করা হয়।

সংক্ষিপ্ত আলোচনার পর এই প্রতিবেদন দুটি সভায় গৃহীত ও অনুমোদিত হয়। সকল সদস্য প্রাক্তনী সংসদের আমফান রিলিফের উদ্যোগের প্রশংসা করেন। প্রাক্তনী শ্রী তুলসীদাস বন্দ্যোপাধ্যায় "আচার্য ঋণ স্বীকার" প্রকল্পে সংগৃহীত অর্থ বিদ্যামন্দিরের অধ্যক্ষের হাতে তুলে দেওয়ার অঙ্গীকার করেন। সদস্য শ্রী সুভাষ পাঁজা শান্তি ভবনের পুনর্নির্মাণের তহবিলে ৫২০০০ টাকা দান করার কথা বলেন। এছাড়া অনেক সদস্যই এই কাজে আগ্রহ প্রকাশ করেন। এছাড়া বিগত সাধারণ সভায় আলোচিত বিদ্যামন্দিরের Main Building-এ একটি lift বসাবার বিষয় নিয়ে আলোচনা সাপেক্ষে একটি তহবিল গঠনের প্রস্তাব নেওয়া হয়। এরপর সংসদ সভাপতি শ্রী বিশ্বনাথ দাস সকলের উদ্দেশ্যে বক্তব্য উপস্থাপিত করেন। সবশেষে ধন্যবাদ জ্ঞাপন করেন শ্রী সুশান্ত দে। আন্তর্জালিক মাধ্যমে যোগদানকারী সদস্যদের জাতীয় সঙ্গীতের মধ্য দিয়ে সাধারণ সভার কাজ সমাপ্ত হয়।

## প্রাক্তনী সংসদ সমাচার

বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ তার সীমিত সামর্থ্যের মধ্যে বিদ্যামন্দির ও বিদ্যামন্দিরের বাইরে সমাজসেবামূলক কর্মপ্রক্রিয়া সাফল্যের সঙ্গে চালিয়ে যাচ্ছে। নিম্নে তার একটি সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হলো।

**স্বাস্থ্য প্রকল্প :** বেলুড় শ্রমজীবী হাসপাতালের সহযোগিতায় প্রাক্তনী সংসদের স্বাস্থ্য প্রকল্পটি বেশ সাফল্যের সঙ্গে এগিয়ে চলেছে। কিন্তু গত আগস্ট, ২০২০ প্রাক্তনী বার্তা প্রকাশের পর থেকে এই প্রতিবেদনটি লেখা পর্যন্ত করোনা প্রাদুর্ভাবের জন্য কোন আবেদন জমা পড়েনি, সেইজন্য শ্রমজীবী হাসপাতাল ও বিদ্যামন্দির ছাত্রদের চিকিৎসার জন্য কোন অনুদান দেওয়া সম্ভব হয়নি।

**ছাত্রবৃত্তি প্রকল্প :** এই প্রকল্পে ১৯৬৮-১৯৭১ ব্যাচের প্রাক্তনীরা গত ২রা অক্টোবর, ২০২০ তারিখে online মাধ্যমে প্রাক্তনী সংসদের হাতে অনুদান তুলে দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন। এবং এই প্রতিবেদন লেখা পর্যন্ত তাঁরা ১,২৭,৫০১ টাকা দিয়েছেন। এই প্রকল্পে এখনও পর্যন্ত তাঁরা মোট ৩২, ৬৬, ১১১ টাকা প্রাক্তনী সংসদের হাতে তুলে দিয়েছেন। এ ছাড়া ১৯৭১-৭৪, ১৯৭৬-৭৯, ১৯৮৪-৮৬, ১৯৮৯-৯১, ২০০২-০৫, ২০০৫-০৮, ২০০৬-২০০৯ শিক্ষাবর্ষের প্রাক্তনীরাও এবং ব্যক্তিগতভাবে অন্যান্য অনেক প্রাক্তনী এই প্রকল্পে তাঁদের সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন। এঁদের সকলকে সংসদের পক্ষ থেকে অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

**স্বামী তেজসানন্দ ক্যুইজ প্রতিযোগিতা :** গত ২৬শে সেপ্টেম্বর, ২০২০ তারিখে আন্তর্জালিক মাধ্যমে এই প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হয়। কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। এই প্রতিযোগিতায় বেশ কয়েকজন আন্তর্জালিকের মাধ্যমে অংশগ্রহণ করে। এই প্রতিযোগিতায় সকল প্রতিযোগীকে তাঁদের প্রাপ্য শংসাপত্র ও কিছু বই উপহার দেওয়ার কথা ঘোষণা করা হয়। প্রথম স্থানাধিকারী দেবাত্মিকা পাল, সিস্টার নিবেদিতা গভর্ণমেন্ট জেনারেল ডিগ্রি কলেজ ফর গার্লস, প্রাক্তনী শ্রী গোপীনাথ দত্ত প্রদত্ত "দেবেন্দ্রনাথ-শিবরানী দত্ত স্মৃতি" পুরস্কার ও দ্বিতীয় স্থানাধিকারী শ্রী কৃষ্ণেন্দু মুলা, রামকৃষ্ণ মিশন শিল্পপীঠ, বেলঘড়িয়াকে প্রাক্তনী শ্রী জয়জিত বক্সী প্রদত্ত "বিক্রমজিত-নীলিমা বক্সী স্মৃতি" পুরস্কার দেওয়ার কথা ঘোষণা করা হয়। এছাড়াও আরও তিনজন প্রতিযোগীকেও পুরস্কার দেওয়া হয়েছে।

**রানী রাসমনি স্মারক বক্তৃতা :** গত ২রা অক্টোবর, ২০২০ তারিখে আন্তর্জালিক মাধ্যমে আশাজ্যোতি কনফারেন্স হলে এই বক্তৃতার আয়োজন করা হয়। এবারের বক্তা ছিলেন স্বামী সত্যেশানন্দ মহারাজ, সহকারী সম্পাদক, রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশন, বেলুড় মঠ। তাঁর বক্তৃতার বিষয় ছিল : 'শ্রীসারদাদেবী, জন্মজন্মান্তরের মা।' তাঁর তথ্য সমৃদ্ধ বক্তৃতা সকলকে মুগ্ধ করে।

**বার্ষিক সাধারণ সভা :** গত ২রা অক্টোবর, ২০২০ তারিখে আন্তর্জালিক মাধ্যমে ৩২তম বার্ষিক সাধারণ সভার আয়োজন করা হয়েছিল। সভার বিস্তারিত বিবরণ বর্তমান সংখ্যায় পৃথক প্রতিবেদনে দ্রষ্টব্য।

**বিবেকানন্দ সম্মেলন :** গত ১০ ও ১১ই নভেম্বর, ২০২০ তারিখে আন্তর্জালিক মাধ্যমে কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার স্থগিত হয়ে যাওয়া বিবেকানন্দ সম্মেলন সম্পূর্ণ হয়েছে। কোচবিহার ও মাথাভাঙ্গা অঞ্চলের স্থগিত শিক্ষক সম্মেলন ও যুব-সম্মেলন বেশ সাফল্যের সঙ্গে অনুষ্ঠিত হয়েছে। এই সম্মেলনের বিস্তারিত বিবরণ এই সংখ্যার পৃথক প্রতিবেদনে দেওয়া আছে। এই বছরের (২০২০-২১) বিবেকানন্দ সম্মেলন বাঁকুড়া জেলাতে আয়োজন করার জন্য চিন্তা-ভাবনা চলছে।

**স্বামী তেজসানন্দ স্মারক পুরস্কার :** এই বছর বিদ্যামন্দিরের তৃতীয় বর্ষের দুজন ছাত্রকে এই পুরস্কার দেওয়া হয়েছে। পুরস্কার প্রাপকের নাম ঃ শ্রীরাজা শর্মা দে (দর্শন বিভাগ), শ্রীঅনলাভ বেরা (প্রাণিবিদ্যা বিভাগ)।

প্রাক্তনী সংসদের বিভিন্ন প্রকল্পের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত প্রত্যেক প্রাক্তনী ও শুভানুধ্যায়ীকে সংসদের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাই।

**—মনোজ কুমার ভট্টাচার্য্য, কর্মসচিব, প্রাক্তনী সংসদ**

*সংশোধনী* :

**পূজনীয় স্বামী শাস্ত্রজ্ঞানন্দজী মহারাজ ২০১৩ সালে বিদ্যামন্দিরের অধ্যক্ষ হন। আগস্ট ২০২০ সংখ্যায় ভুলক্রমে ২০১২ ছাপা হয়েছিল।**

## বিবেকানন্দ সম্মেলন ২০১৯-২০

কোভিড অতিমারীর প্রাদুর্ভাবে ইতিপূর্বে স্থগিত ঘোষিত বিবেকানন্দ সম্মেলন (২০১৯-২০)-এর অন্তিম পর্ব আন্তর্জালিক মাধ্যমে অনুষ্ঠিত হয় গত ১০ই ও ১১ই নভেম্বর ২০২০। ১০ই নভেম্বরে আয়োজিত শিক্ষক সম্মেলনে এবং ১১ই নভেম্বর অনুষ্ঠিত যুব সম্মেলনে কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার যথাক্রমে ৭১ জন শিক্ষক প্রতিনিধি ও ১২৪ জন যুব প্রতিনিধি অংশগ্রহণ করেন। বিদ্যামন্দিরের শিক্ষক, অতিথি-অধ্যাপক ও প্রাক্তনীরা সম্মেলনগুলিতে বক্তব্য রাখেন।

**২০২২ সাল থেকে "প্রাক্তনীবার্তা" email মারফৎ সদস্যদের কাছে পাঠানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে কার্যকরী সমিতির সভায়। এছাড়াও সংসদের website : www.alumnividyamandira.in-এও 'প্রাক্তনীবার্তা' দেওয়া থাকবে। Website-এ আপনাদের email id ভুল থাকলে বা না থাকলে তা আমাদের জানান alumnividyamandira@gmail.com-এ।**

## একটি আবেদন

যে কোনো শিক্ষা প্রতিষ্ঠানের একই বিল্ডিংয়ে ওঠানামার জন্য বয়স্ক শিক্ষক, আমন্ত্রিত অতিথি, অধ্যাপক অথবা প্রতিবন্ধী ছাত্রদের কাছে লিফ্‌ট একটি অতি প্রয়োজনীয় উপকরণ। এই কারণে বিদ্যামন্দির কর্তৃপক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে মেন বিল্ডিং-এ একটি লিফট বসানোর পরিকল্পনা করেছে প্রাক্তনী সংসদ এবং "Fund for Installation of Elevator" নামে একটি তহবিল গঠন করেছে। এর জন্য আনুমানিক 12 লক্ষ টাকা দরকার। প্রাক্তনী সংসদের সদস্যদের কাছে অনুরোধ আপনারা এই তহবিলে সাধ্যমত অর্থ পাঠান যাতে বিদ্যামন্দিরের এই প্রয়োজনে আমরা কাজে লাগাতে পারি। ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিস্তারিত তথ্য জানার জন্য যোগাযোগ করুন ঃ মনোজ কুমার ভট্টাচার্য, সম্পাদক (মোবাইল ঃ 9831464660)

প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমন্ডলী

আহ্বায়ক ও প্রধান সম্পাদক ঃ সুশান্ত দে

সদস্যবৃন্দ ঃ নিত্যনিরঞ্জন কুন্ডু, তপন কুমার ঘোষ, স্বামী একচিত্তানন্দ, শুভেন্দু মজুমদার, গৌতম মুখোপাধ্যায় এবং মনোজ কুমার ভট্টাচার্য্য (কর্মসচিব)

PRINTED MATTER

**BOOK POST**

**If undelivered, please return to :**

**Ramakrishna Mission Vidyamandira Alumni Association, P.O. : Belur Math, Howrah, West Bengal-711202**

**E-mail : alumnividyamandira@gmail.com ● Website : www.alumnividyamandira.in**

Published by Manoj Kumar Bhattacharyya, Secretary, Ramakrishna Mission Vidyamandira Alumni Association

Printed at Soumen Traders Syndicate, Bally, Howrah, Ph. : 2654-3536